# ইসলামী জীবন-ধারা

বিভাগ/অধ্যায়ঃ পুরুষের সাজ-সজ্জা

রচয়িতা/সঙ্কলকঃ আবদুল হামীদ ফাইযী

## দাঁত

মানুষের জন্য দাঁতও একটি অমূল্য সম্পদ। সুতরাং দাঁত থাকতে দাঁতের কদর করা উচিত প্রত্যেকের। ইসলামে সেই কদরের রয়েছে বিভিন্ন আদব; যা নিম্নরূপঃ

খাবার পর দাঁতে লেগে থাকা অবশিষ্ট খাদ্যাংশ খিলাল করে ছাড়িয়ে ফেলা কর্তব্য। যেহেতু তা না করলে দাঁতের রোগ হতে পারে এবং তা পচে গিয়ে দুর্গন্ধ সৃষ্টি করে।

এই জন্য খিলালকারীদের প্রশংসা করে রসূল (ﷺ) বলেন, ‘‘আমার উম্মতের খিলালকারীগণ উত্তম (বা প্রশংসনীয়)।’’[1]

ইবনে উমার (রাঃ) বলেন, ‘যে খিলাল ত্যাগ করে, তার দাঁত দুর্বল হয়ে যায়।’ [2]

## ফুটনোট

[1]. সিলসিলাহ সহীহাহ আল-মাকতাবাতুশ-শামেলা. হা/২৫৬৭

[2]. ত্বাবারানীর কাবীর, ইরওয়াউল গালীল ১৯৭৪

Source — https://www.hadithbd.com/books/link/?id=7856

হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন